# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অধ্যক্ষের কার্যালয়

# লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা

লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭
Wibesite: www.lalmatiamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,

স্মারক নং- ৩৭/০৭-৬২৪৮০ তারিখ: ২৬.১১.২০২৫

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

### আবেদনের তারিখ: ২৩/১১/২০২৫ থেকে ৩১/১২/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত

**(ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র তালিকা পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে)**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (সম্মান) শ্রেণির ভর্তির কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন ২৩/১১/২০২৫ থেকে ৩১/১২/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত চলবে।

**ভর্তির যোগ্যতা:** ক) বাংলাদেশে স্বীকৃত সকল শিক্ষা বোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে আবেদনের ন্যূনতম যোগ্যতা নিম্নরূপ:

| ক্রমিক | উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | ২০২২/২০২৩ সালের এসএসসি/ সমমান পরীক্ষায় নূন্যতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | ২০২৪/২০২৫ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত নূন্যতম জিপিএ |
|---|---|---|---|---|
| i) | মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা<br>ও<br>বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (বিজনেস ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখা | ২.০ | ২.০ | ৪.৫ |
| ii) | বিজ্ঞান শাখা<br>ও<br>বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC ভোকেশনাল) শাখা | ২.২৫ | ২.০ | ৪.৭৫ |

খ) ২০২২/২০২৩ সালের O-Level ও A-Level পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় শর্ত মোতাবেক আবেদন করতে হবে।

গ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.০ থাকতে হবে। ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৫-২০২৬শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী এই শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদেরকে অবশ্যই পূববর্তী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে।

**আবেদন প্রক্রিয়া:** আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions এর Honours Tab এ Apply Now (Honours) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবোর্ড, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলাস্থ লালমাটিয়া সরকারি মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সাথে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। অতঃপর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximun file size : 50Kb. প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর Appplication ID ও PIN কোড প্রদশিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওযেবসাইটে (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইটে (www.lalmatiamohilacollege.edu.bd). থেকে বিস্তারিত জানা যাবে।

অনার্স ভর্তির Appplication ID ও PIN কোড নম্বর পাওয়ার পর উক্ত Appplication ID ব্যবহার করে প্রাথমিক আবেদন ফি বাবদ নীট (চার্জ ব্যতীত) ১০০০/- (এক হাজার) টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ ০১৭৫২০০৫০৭১) এর মাধ্যমে জমা দিতে হবে। **বিকাশে টাকা পাঠানোর সময় রেফারেন্স নম্বরে তার ভর্তি Appplication ID দিতে হবে।** উল্লিখিত বিকাশ নম্বরে পেমেন্ট সিলেক্ট করে প্রাথমিক আবেদন ফি জমা দিতে হবে। অন্য কোন ভাবে উক্ত ফি পরিশোধ করলে তা গ্রহণযোগ্য হবে না।

**অ্যাপ দিয়ে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:**

১। বিকাশ অ্যাপ হোমস্ক্রিন থেকে পেমেন্ট সিলেক্ট করে লালমাটিয়া সরকারি মহিলা কলেজ এর বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।
২। টাকার পরিমাণ দিন ১০০০+১২ (বিকাশ চার্জ) ১০১২ টাকা। ১০১২ টাকা না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
৩। রেফারেন্স হিসেবে অনার্স ভর্তির রোল নম্বর এন্ট্রি দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
৪। বিকাশে পেমেন্ট সম্পন্ন করতে ট্যাপ করে কিছুক্ষণ ধরে রাখুন।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## অধ্যক্ষের কার্যালয়
# লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা

লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭
Wibesite: www.lalmatiamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,


স্মারক নং-                                                                 তারিখ:

***২৪৭# ডায়াল করে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:**

১। *২৪৭# ডায়াল করুন এবং মেন্যু থেকে ৪ চেপে পেমেন্ট বেছে নিন। লালমাটিয়া সরকারি মহিলা কলেজের বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।

২। আবেদন ফি বাবদ ১০০০+১২ (বিকাশ চার্জ) ১০১২ টাকা এন্ট্রি দিন। রেফারেন্স হিসেবে অনার্স ভর্তির রোল নম্বর দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না। কাউন্টার নম্বর ১ লিখে সেন্ড করুন এবং আপনার বিকাশ অ্যাকাউন্ট এর পিন নম্বর দিয়ে সেন্ড করুন।

এছাড়াও কলেজে উপস্থিত হয়ে অনলাইন প্রাথমিক আবেদন ফরম জমা দেওয়া যাবে।

যে সকল শিক্ষার্থী ১০১২/- টাকা জমা দিবে তাদের প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা হবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে শিক্ষার্থীদের মোবাইলে নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। এছাড়াও www.nu.ac.bd/admissions এ Applicant Login গিয়ে Appplication ID ও PIN নম্বর সঠিকভাবে এন্ট্রি দিয়ে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হয়েছে কি না তা জানা যাবে।

**লালমাটিয়া সরকারি মহিলা কলেজের অনার্স বিষয়সমূহ ঃ**

১। বাংলা ২। ইংরেজি ৩। গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান ৪। গার্হস্থ্য অর্থনীতি ৫। সমাজবিজ্ঞান ৬। সমাজকর্ম ৭। রাষ্ট্রবিজ্ঞান ৮। অর্থনীতি ৯। হিসাববিজ্ঞান ১০। ব্যবস্থাপনা ১১। মার্কেটিং ১২। ফিন্যান্স এণ্ড ব্যাংকিং ১৩। পদার্থবিজ্ঞান ১৪। রসায়ন ১৫। উদ্ভিদবিজ্ঞান ১৬। প্রাণিবিজ্ঞান ১৭। গণিত ১৮। ভূগোল ও পরিবেশ।

২৩/১১/২০২৫

অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭